জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিচ্ছে সরকার – ডিসি

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেছেন, জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে সরকার ইউনিয়ন পরিষদকে শক্তিশালী করার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছেন।

তিনি বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম শক্তিশালীকরণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও টেকসই করণে এলজিএসপি-৩ উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হয়েছে।

বৃহস্পতিবার সকালে কুষ্টিয়ার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ এর অগ্রগতি ও অর্জন অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

জেলা প্রশাসনের আয়োজনে ও পায়াকট বাংলাদেশের উদ্যোগে আয়োজিত এ কর্মশালায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার শাখা কুষ্টিয়ার উপ-পরিচালক মো. আরিফ-উজ-জামান।

এ কর্মশালায় মূল বক্তব্য উপস্থাপন করেন এলজিএসপি-৩ প্রকল্পের ডিসষ্টক ফ্যাসিলিটের আখতারুজ্জামান।

কর্মশালায় বলা হয়, গ্রামীণ জনপদের উন্নয়নের নিমিত্তে দেশের সবকটি উপজেলা এ প্রকল্পের আওতাভুক্ত। বিশ্ব ব্যাংকের সহযোগিতায় ও স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে পরিচালিত এ প্রকল্প ২০১৭ সালে শুরু হয়। প্রকল্পটি ২০২২ সাল পর্যন্ত চলবে। প্রকল্পের মোট বরাদ্দের পরিমাণ ৫ হাজার ৭৪৪ দশমিক ২০ কোটি টাকা।

দিনব্যাপী এ কর্মশালায় গণমাধ্যমকর্মী, নীতিনির্ধারক ও পরিকল্পনাবিদ, নির্বাচিত স্থানীয় জনপ্রতিনিধি, উন্নয়নকর্মী, নারী প্রতিনিধি ও অন্যান্য স্টেকহোল্ডারগণ অংশগ্রহণ করেন।